R. N. No. 2532/57 Phone No. RGG.112 Regd No.—WB/MSD—4

বসন্ত মালতী
রূপ প্রসাধনে অপরিহার্য
সি, কে, সেন এ্যাণ্ড কোং
লিমিটেড
কলিকাতা ॥ নিউ দিল্লী

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

আপনার জীবনের
প্রতিদিনের সঙ্গী
হকিন্স প্রেসার কুকার
অনুমোদিত ডিলার :
প্রভাত ষ্টোর
[দুলুর দোকান]
রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ

৭৮শ বর্ষ
১৯শ সংখ্যা
রঘুনাথগঞ্জ ৮ই আশ্বিন বুধবার, ১৩৯৮ সাল
২৫শে সেপ্টেম্বর ১৯৯১ সাল।
নগদ মূল্য : ৫০ পয়সা
বার্ষিক ২৫৲

## ওপারে ব্যাপক চোরাচালানে এপারে মূল্যবৃদ্ধির দমবন্ধ চাপ

জঙ্গিপুর : প্রতিদিন প্রচুর পরিমাণে খাদ্যশস্য চলে যাচ্ছে সীমান্তের ওপারে বাংলাদেশে। চাল চিনি, লবন, কলাই ছাড়াও কেরোসিন, দেশী মদ, সাইকেল, কাপড় বেশ কিছুদিন ধরে প্রচুর পরিমাণে ওপারে চোরাপথে চলে যাচ্ছে। এধারে এপারের গ্রামগুলিতে চালের দাম ৭ টাকা কিলো, রেশনে কেরোসিন নাই। চোরাবাজারে ৭ টাকা লিটার, তাও অমিল। প্রশাসন ঠুঁটো জগন্নাথ। জঙ্গিপুর শহর থেকে এক কিলোমিটার ভেতরে রঘুনাথপুরে জনৈক মুদিখানার মালিক এই ব্যবসায়ে লাল হয়ে যাচ্ছেন। তাঁর প্রাসাদোপম অট্টালিকা নাকি গত ৩ বছরের ব্যবসার টাকায়। সকাল ৮টা থেকে বেলা ২টা অব্দি ঐ দোকান চত্বরে মেলা বসে যায়। লরী, ঘোড়া গাড়ী, গরু গাড়ীর ভীড়ে পথচারী আটকে পড়েন। এই ধরনের বেপরোয়া কারবারে সাধারণ মানুষ অবাক হলেও ছোট বড় রাজনৈতিক নেতা, পুলিশের বড়কর্তা থেকে হোমগার্ড পর্যন্ত ঐ ব্যবসায়ীর যাদুকাঠির স্পর্শে একদম চুপ। এধারে রঘুনাথগঞ্জ ২নং ব্লকে বন্যার কারণে পদ্মার সীমা বাঁধের ধারে এসে ঠেকেছে। তাতে চোরাচালান ব্যবসায়ীদের পোয়াবারো। বাঁধের ধারে সামসুর চায়ের দোকানের সামনে গেলে দেখা যাবে ৩০-৩৫টা পাল তোলা নৌকা সবসময় লেগে আছে। সেখানে লোকের ভীড়। চাল, চিনি, কলাই, কেরোসিন এবং অন্যান্য সামগ্রী বোঝাই বড় পাল তোলা নৌকা বাংলাদেশ পাড়ি জমাচ্ছে। দেখে মনে হয়—ভারত বাংলাদেশ সরকারী চুক্তিতে এইসব কারবার চলছে। ঐ এলাকার (২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## মিনিবাস পাল্‌টি খেয়ে ৪ জনের মৃত্যু, আহত ১৫

নিজস্ব সংবাদদাতা : গত ২০ সেপ্টেম্বর রঘুনাথগঞ্জ থেকে বহরমপুরগামী 'কিষণ' মিনিবাস (ডাবলু জি কিউ ১২৩৪) পলসণ্ডার কাছে ৩৪নং জাতীয় সড়কের উপর পালটি খেলে ৪ জন মারা যান ও ১৫ জন গুরুতর আহত হন। প্রকাশ, মিনিবাসটি অস্বাভাবিক দ্রুতগতিতে একটি লাক্সারী বাসকে ওভারটেক করতে গিয়ে ভারসাম্য হারিয়ে কালভার্টে ধাক্কা মারলে পালটি খায়। দুজন বাসযাত্রী শ্যামাপ্রসাদ ঘোষ ও পিয়ার আলি ঘটনাস্থলেই মারা যান। বাস মালিক কটা সিং ও খালাসী শ্রীনাথকে হাসপাতালে নিয়ে যাওয়ার পর তাঁরা মারা যান। অন্য ১৫ জনকে গুরুতর আহত অবস্থায় বহরমপুর হাসপাতালে ভর্তি করা হয়। রঘুনাথগঞ্জ ১নং ব্লকের বিডিওর স্ত্রী মন্দিরা সেনগুপ্ত আহতদের মধ্যে একজন। বাসযাত্রীদের অভিযোগ বেপরোয়া ড্রাইভিং-ই এই দুর্ঘটনার কারণ। দুর্ঘটনার পর বাসচালক পলাতক।

## সরকারী খাস জমি বেদখল, প্রশাসন চুপচাপ

ধুলিয়ান : স্থানীয় রতনপুর ডাকবাংলোর নিকট সরকারী খাস জমি বেদখল করে নানান ব্যবসায় প্রতিষ্ঠান গড়ে উঠেছে। ফলে পুরাতন ও নূতন জাতীয় সড়ক ক্রমশঃ সংকীর্ণ হয়ে যান চলাচলে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। রাস্তা দখল করে তরিতরকারীর বাজার, চা, পান, সিগারেটের দোকান, এমনকি মদ-তাড়ির কারবারও চলছে প্রকাশ্যে এবং নির্ভাবনায়। রিক্সা-টাঙ্গাগুলিও পথের যেখানে সেখানে দাঁড়িয়ে পথচারীর অসুবিধা সৃষ্টি করছে। তাদের সঙ্গে পথচারীদের কলহ নিত্যনৈমিত্তিক। এমনকি পথের দুধারে জলনিকাশীর নর্দমাগুলির উপরেও গড়ে উঠেছে দোকান ঘর। প্রকাশ্যে এসব হলেও পি ডাবলু ডি-এর ভারপ্রাপ্ত কর্মকর্তারা আশ্চর্যজনকভাবে চুপচাপ। এর ভিতর গোপন লেনদেনের খেলা চলছে বলে স্থানীয় মানুষ সন্দেহ করছেন।

## ফরাক্কা ব্লকে বন্যায় ক্ষতি প্রায় ৬৬ লক্ষ টাকা

ফরাক্কা : সাম্প্রতিক অতি বর্ষণে ও বন্যায় স্থানীয় ব্লকে ক্ষতির পরিমাণ প্রায় ৬৬ লক্ষ টাকা বলে খবর। ক্ষতিগ্রস্ত মানুষের সংখ্যা প্রায় ৮৫ হাজার। এই ব্লকের বেনিয়াগ্রাম, নয়নসুখ, অর্জুনপুর গ্রামগুলির ৬৪ বর্গকিমি এলাকা সম্পূর্ণ গঙ্গার জলে ডুবে যাওয়ায় খাদ্য শস্যের ক্ষতি হয়েছে ২১'৭২ হেক্টর জমির। বাড়ী ভেঙ্গেছে ৯৫০টি। জলে ডুবে মৃত্যু হয়েছে ৩ জনের। আন্ত্রিক ছড়িয়ে পড়ায় মৃত্যু খুব বেশী না হলেও ৪ জন। ব্লকের ৩৮টি বন্যা কবলিত মৌজার গবাদি পশু (শেষ পৃষ্ঠায়)

## ত্রাণ দূরের কথা কেরোসিনও বন্ধ

জঙ্গিপুর : সম্প্রতি বন্যায় রঘুনাথগঞ্জ ২নং ব্লকের মিঠিপুর, সেকেন্দ্রা ও গিরিয়া অঞ্চল সম্পূর্ণ বিপর্যস্ত। পঃ বঃ সরকার ঐ সব অঞ্চলকে বন্যাবিধ্বস্ত এলাকা বলে ঘোষণা করা সত্ত্বেও ত্রাণের ব্যবস্থা পর্যাপ্ত নয় বলে দুর্গত মানুষদের অভিযোগ। আর এস পির জনৈক মুখপাত্র পশুপতি চক্রবর্তী আমাদের সংবাদদাতাকে বলেন—ত্রাণ ব্যবস্থা তো (শেষ পৃষ্ঠায়)

## ব্যারেজের অস্থায়ী জি, এম পদত্যাগ করলেন

ফরাক্কা : স্থানীয় ব্যারেজের ভারপ্রাপ্ত অস্থায়ী জি এম বি বি ঘোষ তাঁর পদ থেকে গত ৩০ আগষ্ট ইস্তফা দেন বলে জানা যায়। বর্তমানে জি এম পদে কোন অফিসার না থাকায় কর্মচারীদের বিভিন্ন বিল পুজোর মুখে আটকে পড়ে তাঁদের বিপাকে ফেলেছে। ১৬ সেপ্টেম্বর বি বি ঘোষ তাঁর স্বপদ সুপারিনণ্টেডেণ্ড ইঞ্জিনীয়ার পদে যোগ দিতে গেলে মাষ্টার রোল ইউনিয়নের সভ্যরা অফিসের ভিতরই পিকেটিং শুরু করেন।

বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পরিষ্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।।
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ১৬

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ


# জঙ্গিপুর সংবাদ

৮ই আশ্বিন বুধবার ১৩৯৮ সাল


## বিপন্ন ভারতীয় জাতীয়তাবোধ

বৃটিশ ভারতে স্বাধীনতা আন্দোলনের ইতিহাসে সমগ্র জাতি হিন্দু, মুসলমান, বৌদ্ধ, জৈন, খৃষ্টান বা ভিন্ন প্রাদেশিকতা বোধ হইতে উন্নত হইয়া এক ভারতীয় জাতি হিসাবে আপনাকে ঐক্যবদ্ধ করিতে পারিয়াছিল। সেই কারণেই বৃটিশ রাজশক্তি ভীতসন্ত্রস্ত হইয়া পড়িয়াছিল। যদিও শেষ পর্যন্ত তাহারা দ্বিজাতিতত্ত্বের বিষের অনুপ্রবেশ ঘটাইতে সক্ষম হইয়া ও ভারতবর্ষ হইতে তাহাদের শাসনহস্ত তুলিয়া লইতে বাধ্য হইয় ছিল। ভারত বিভক্ত হইয়া দুই অংশে ভারতবর্ষ ও পাকিস্থানে বিভক্ত হইলেও স্বাধীন ভারত ধর্মনিরপেক্ষ রাষ্ট্র হিসাবে মস্তক উচ্চ করিয়া নিজেকে বিশ্ব সভায় প্রতিষ্ঠিত করিতে সক্ষম হইয়াছিল। কিন্তু কোথা হইতে কি যে হইল ৪৪ বৎসরের শাসনকাল অতীত হইতে না হইতে ভারতীয় জাতীয়তাবোধ অবলুপ্তির পথে দ্রুত অগ্রসর হইতেছে। সারা দেশ-ব্যাপী সাম্প্রদায়িকতা বৃদ্ধি, সঙ্কীর্ণ প্রাদেশিকতার জাগরণ বৃদ্ধি পাইয়া চলিতেছে। সকলেই ভাবিতেছে আপন গোষ্ঠীর, আপন দলের, আপন সম্প্রদায়ের কর্তৃত্ব স্থাপিত হইলেই সর্বসুখ স্থাপিত হইবে। কেহই ভাবিয়া দেখিতেছেন না যে খণ্ড বিচ্ছিন্ন কোন জাতি কোনদিন উন্নতি লাভ করিতে পারে না। অতীত ভারতে এই বিচ্ছিন্নতাবাদীতার জন্যই পরদেশী আক্রমণে ভারতবর্ষ বারবার ধর্ষিত, পরাজিত, পরপদানত হইয়াছে। শৌর্য্য বীর্য্যে উন্নত রাজপুতগণ মুঘলের আক্রমণের মুখে ভূলুণ্ঠিত হইয়াছে। বৃটিশ বণিকের দুর্বল হস্ত সমগ্র ভারতকে তাঁহাদের পদানত করিতে সমর্থ হইয়াছে। আজ যদি এই সুসভ্য বিংশ শতাব্দীর শেষ প্রান্তে আসিয়া আমাদের সেই সহজ সত্য বোধগম্য না হয় এবং আমরা অর্থাৎ ভারতবর্ষের হিন্দু, মুসলমান, বৌদ্ধ, খৃষ্টান, শিখ প্রভৃতি এক মন এক প্রাণ হইতে না পারি, বিহারী, বাঙ্গালী, অসমীয়া, তামিল, তেলেগু ভারতবাসী ভাবিয়া এক এবং অখণ্ড ভারতীয় জাতীয়তাবোধে নিজেদের উদ্বুদ্ধ করিতে না পারি, তবে আমাদের ধ্বংস অনিবার্য্য হইয়া উঠিবেই। ইউরোপীয় দেশগুলির মধ্যে সুইজারল্যাণ্ডে বাস করে ফরাসী, জার্মানী, ইতালীয়, রুমানীয় প্রভৃতি বহু জাতি। কিন্তু তাঁহারা সকলেই মনে করেন তাঁহারা সুইজারল্যাণ্ডবাসী। তাই তাহারা আজ পৃথিবীতে শক্তিশালী জাতি বলিয়া পরিগণিত হইতে পারিয়াছে। আমাদেরকেও সেই কারণে সকল ক্ষুদ্র সংকীর্ণ জাতিসত্ত্বা ভুলিয়া ভারতীয় জাতীয়তাবোধে জাগ্রত হইতে হইবে তবেই জগৎ সভায় আমরা শ্রেষ্ঠ আসন লাভ করিতে সমর্থ হইব।

## হিমালয় বাঁচাও, গঙ্গা বাঁচাও

রঘুনাথগঞ্জ : গত ১৯ সেপ্টেম্বর 'হিমালয় বাঁচাও, গঙ্গা বাঁচাও' অভিযাত্রীরা গঙ্গাসাগর থেকে গঙ্গোত্রী যাওয়ার পথে এই শহরে উপস্থিত হন। স্থানীয় লায়ন্স্ ক্লাব এই ৬০/৭০ জন সাইকেল অভিযাত্রীকে খাওয়া থাকার ব্যবস্থা করেন মারোয়ারী ধর্মশালায়। একরাত্রি এখানে অবস্থান সময়ে তাঁরা ঐ দিন বিকেলে সদরঘাটে এক জনসভা করেন। সভায় বক্তব্য রাখেন প্রাক্তন বিপ্লবী পান্নালাল দাশগুপ্ত ও বিখ্যাত পরিবেশবিদ সুন্দরলাল বহুগুণা। উভয়েই বলেন গঙ্গা ও হিমালয় ভারতীয় সভ্যতার মর্মকেন্দ্র। বর্তমানে বিভিন্ন কারণে পরিবেশ দূষিত হওয়ায় এই দুটি কলুষিত হচ্ছে। ফলে ভারতীয় সভ্যতাও বিপন্ন হয়ে পড়েছে। বৃক্ষ ছেদনের ফলে পরিবেশ দূষিত হয়ে মরুভূমি ধীরে ধীরে চাষোপযোগী ভূমিকে নষ্ট করছে। জন সচেতনতা বৃদ্ধি করতেই তাঁরা গঙ্গার উৎস পর্যন্ত যাত্রা করে জনসভা ইত্যাদির মাধ্যমে চেষ্টা চালাতে বদ্ধপরিকর।

## জুয়া খেলা পুরোদমে চলছে

জঙ্গিপুর : স্থানীয় সম্মতিনগর বাজারে গ্রামীণ ব্যাঙ্কের পাশে প্রকাশ্যে জুয়ার আসর জমজমাট। গ্রামবাসীদের কাছ থেকে অভিযোগ পেয়ে পুলিশ গত ১৩ সেপ্টেম্বর কয়েকজন জুয়ারীকে মালপত্র সমেত আটক করে। কিন্তু বিস্ময়ের কথা পুলিশ চলে যাওয়ার সঙ্গে সঙ্গে আবার যে কে সেই। এই পরিস্থিতিতে সারাক্ষণের জন্য পুলিশী ব্যবস্থার দাবী জানান স্থানীয় জনসাধারণ। তাঁদের অভিযোগ কিছু অসামাজিক ক্রিয়াকলাপে জড়িত ব্যক্তি এই জুয়া খেলার ব্যবসায়ে মদত দিচ্ছেন। ফলে স্থানীয় বেশ কিছু সরল মানুষ এদের শিকার হয়ে সর্বস্বান্ত হচ্ছেন।

## মুক্তক এর বার্ষিক উৎসব

জঙ্গিপুর : দেরীতে পাওয়া এক খবরে জানা যায় 'মুক্তক' আবৃত্তি প্রশিক্ষণ কেন্দ্রের বার্ষিক উৎসব অনুষ্ঠিত হয় স্থানীয় গার্লস হাইস্কুলে গত ৫ সেপ্টেম্বর। শ্রুতিনাটক, 'দেবতার গ্রাস' প্রভৃতি একক এবং কোরাস আবৃত্তি হয়। অনুষ্ঠান পরিচালনা করেন আবৃত্তিকার গোপা মজুমদার।

## সাংস্কৃতিক অনুষ্ঠান

রঘুনাথগঞ্জ : গত ৯ থেকে ১১ সেপ্টেম্বর স্থানীয় ইউথ ক্লাব প্রাঙ্গণে ভদ্রাকালী পুজো উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান কর্মসূচী পালিত হয়। অঙ্কন, নৃত্য, আবৃত্তি ও রবীন্দ্র সঙ্গীতের প্রতিযোগিতা চিত্তাকর্ষক হয় বলে উপস্থিত দর্শকেরা অভিমত দেন। আবৃত্তি প্রতিযোগিতায় প্রথম হন দীপায়ন ব্যানার্জী, ঋতুপর্ণা ব্যানার্জী ও নন্দিতা মুখার্জী। রবীন্দ্র সঙ্গীতে ঋতুপর্ণা ব্যানার্জী, রুহিদাস হালদার, নৃত্যে পিয়ালী দত্ত, অনস্যা লালা এবং অঙ্কনে দীপজ্যোতি সিংহ ও সব্যসাচী চক্রবর্ত্তী। এই অনুষ্ঠানে বহিরাগত শিল্পী সন্ধ্যাকণ্ঠি তনুশ্রী রায় তাঁর সঙ্গীতে শ্রোতাদের মুগ্ধ করেন।

## জঙ্গিপুর ভাগীরথীর উপর সেতুটি এবার হচ্ছে

জঙ্গিপুর : জঙ্গিপুর মহকুমার মানুষের বহু আকাঙ্খিত ভাগীরথীর উপর সেতু এবার হবার সম্ভাবনা আছে। দীর্ঘদিন ধরে সেতুটি তৈরীর প্রয়োজন থাকলেও কোনো কাজ হয়নি। জঙ্গিপুর এলাকার বর্তমান বিধায়ক আব্দুল হক জানান—আমি ব্রীজের ব্যাপারে বিধানসভায় আলোচনা করেছি। সি পি এম নেতা এবং পুরসভার চেয়ারম্যান মৃগাঙ্ক ভট্টাচার্য বলেন, ভাগীরথীর উপর সেতু নির্মাণের ব্যাপারে চেষ্টা চলছে। বিধায়ক আব্দুল হক এবং তিনি কলকাতায় যান বলে জানান। এই দাবীটাকে এবার ষ্টেট প্ল্যানে ভরা গিয়েছে। মুখ্যমন্ত্রী এ ব্যাপারে আশ্বাস দিয়েছেন। আশা করা যায় এবার ব্রীজটি হবে।

## মূল্যবৃদ্ধির দমবন্ধ চাপ

(১ম পাতার পর)

এক সাধারণ মানুষের আক্ষেপ—প্রশাসন যখন 'ঠুঁটো জগন্নাথ' তখন আমাদের চুপচাপ দেখা ছাড়া আর কি করার আছে। অন্যদিকে এই ব্লকের লালগোলা থানা লাগোয়া খান্দুয়া ও কাঁটাখালি ঘাট পার হয়ে দিনের আলোয় শয়ে শয়ে বাংলাদেশী কুলগাছি, ইছাখালি, গাদি, রামচন্দ্রপুর, সাহেবনগর ইত্যাদি গ্রামে চলে আসছে। সেখান থেকে বস্তা বস্তা ধান-চাল নিয়ে আবার ঐ পথে তারা দল বেধে বাংলাদেশ চলে যাচ্ছে। খান্দুয়া ও কাঁটাখালি ঘাটের ধারে ঝুপড়ি বানিয়ে অনেকে বস্তা বস্তা ধান চাল মজুত রেখে প্রকাশ্যে ব্যবসাও চালাচ্ছে। খান্দুয়া ঘাট থেকে দু' কিলোমিটারের মধ্যে বি এস এফের ক্যাম্প থাকা সত্ত্বেও এসব কারবার বেপরোয়াভাবে চলছে।

## বন্যায় সরকারী ত্রাণের স্বল্পতায় ক্ষোভ

নিজস্ব সংবাদদাতা : বন্যা পরিস্থিতি মোকাবিলায় সরকারী ত্রাণ প্রভৃতির স্বল্পতার পরিপ্রেক্ষিতে জঙ্গিপুরের প্রাক্তন বিধায়ক হবিবুর রহমানের নেতৃত্বে কংগ্রেস থেকে এক প্রতিনিধি দল রঘুনাথগঞ্জ ২নং ব্লকের বি ডি ও-র কাছে গত ১৩ সেপ্টেম্বর ডেপুটেশন ও স্মারকলিপি দেন। এই স্মারকলিপিতে তাঁরা অবিলম্বে প্রতিটি বন্যা কবলিত গ্রামে খাদ্য ও ত্রিপল সরবরাহের দাবী জানান। জনগণের যাতায়াতের সুবিধার জন্য নৌকা ও পানীয় জলের ব্যবস্থা করতেও বলেন। তাঁরা আরও বলেন জলবন্দীদের উদ্ধার করে অবিলম্বে নিরাপদ স্থানে আনতে হবে। ভেঙ্গে পড়া ঘরবাড়ী নির্মাণে সাহায্য করতে হবে। জঙ্গিপুর লালগোলা বাস সার্ভিস বন্ধ হয়ে থাকার পরিপ্রেক্ষিতে যাতায়াতের সুবন্দোবস্ত আশু করতে হবে এই দাবীও জানান। গ্রামে অসুখ-বিসুখের প্রতিকারার্থে গ্রাম্য ও মহকুমা হাসপাতালে ওষুধপত্রের বা চিকিৎসার যাতে অভাব না হয় তার বন্দোবস্ত অতি অবশ্য করতে হবে। বন্যার আরও খবর গত ১৪ সেপ্টেম্বর বেলা প্রায় ১০টা নাগাদ বড়শিমুলের জোতসুন্দর গ্রামের মুনেক্কা বেওয়ার বাড়ীঘর ঘুর্ণিঝড়ে বিধ্বস্ত হয়। ঐ গ্রামেরই ফুলেরা খাতুন বন্যার ফলে অসুস্থ হয়ে পড়লে গত ১৩ সেপ্টেম্বর চিকিৎসার অভাবে মারা যায়। রঘুনাথগঞ্জ ২নং ব্লকের বি ডি ও-র সাহায্য চেয়েও পাওয়া যায়নি বলে গ্রামের মানুষের অভিযোগ।




"বাঙ্গালীর ঘরে ঘরে
মহাপূজার শুভলগ্নে
আনন্দ সঞ্চারে"
সর্ব্বাধুনিক পছন্দমত
পোষাকে
শিশু বালক বালিকার
বধূ ও কন্যার
মুখে হাসি ফোটাতে
বিপুল সংগ্রহ—
লক্ষ্মীনারায়ণ টেক্সটাইল
প্রযত্নে—কানাইলাল দত্ত
রঘুনাথগঞ্জ ★ তুলসীবিহার বাড়ী


## বন্যায় সাহায্য দানে সাংস্কৃতিক সংস্থা

ফরাক্কা : সম্প্রতি মালদার ভুতনী দিয়ারে বন্যার্তদের সাহায্য করতে এগিয়ে আসেন ফরাক্কা ব্যারেজের দুটি সাংস্কৃতিক সংস্থা। ব্যারেজের এ সি সি এবং সবাক সাংস্কৃতিক সংস্থা চাল, ডাল, কাপড় ও টাকা পয়সা চাঁদা তুলে বন্যার্তদের মধ্যে বিলি করেন। এনটিপিসির কর্মীরাও তাঁদের সংস্থাগুলি থেকে এবং অর্জুনপুরের সর্ব্বমঙ্গলা আশ্রম বন্যার্তদের সাহায্যে এগিয়ে এসেছেন বলে জানা যায়।






## ১৭ জন বিদ্যুৎ চোর আটক

রঘুনাথগঞ্জ : স্থানীয় বিদ্যুৎ বিভাগের এ্যাঃ ইঞ্জিনীয়ার (ও এণ্ড এম) এবং ষ্টেশন সুপারিনটেণ্ডেণ্ট গত ২০ সেপ্টেম্বর রঘুনাথগঞ্জ ১নং ব্লকের বালিঘাটা এবং ২নং ব্লকের জয়রামপুর, গোফুরপুর বরজ এলাকায় হানা দিয়ে ১০ জন বিদ্যুৎ চোরকে আটক করে। তাদের বিরুদ্ধে হুক দিয়ে মেন লাইন থেকে বিদ্যুৎ চুরির অভিযোগ আনা হয়। তাদের যাবতীয় মালপত্র সিজ করা হয়। বালিঘাটার ৫ জনের বিরুদ্ধে অভিযোগ, তারা লোকদীপ প্রকল্পের বিদ্যুৎ সংযোগের সুযোগ নিয়ে একটা পয়েণ্ট থেকে ৫-৬টি বাড়ীতে বেআইনীভাবে বিদ্যুৎ সরবরাহ করছিল। আরও জানা যায় গত মাসে পানানগর, মিঠিপুর, সম্মতিনগরেও এ রকমের অভিযান চালিয়ে কয়েকজনকে পুলিশ গ্রেপ্তার করে। এর মধ্যে সম্মতিনগরের জনৈক হাজী সাহেবের বিরুদ্ধে অভিযোগ, তিনি তার মিলের মিটারকে অকেজো করে দিয়ে একটা পল্লীর প্রায় বাড়ীতেই তাঁর মিলের লাইন থেকে বিদ্যুৎ সরবরাহ করছিলেন। বিদ্যুৎ দপ্তর থেকে এই ধরনের অভিযান ঘন ঘন চালানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে বিদ্যুৎ দপ্তর সূত্রে জানা যায়।

## ব্যবসায়ীর আত্মহত্যা

ফরাক্কা ঃ গত ১৩ সেপ্টেম্বর আসামের জনৈক ব্যবসায়ী মানসিক ভারসাম্য হারিয়ে আত্মহত্যা করেন। খবর তিনি প্রায় দেড় লক্ষ টাকা নিয়ে একজন ব্যবসায়ীর সঙ্গ মাল কিনতে কলকাতায় আসেন। এবং সেখানে সেই টাকা খোয়া যায়। ঘটনার আঘাতে ব্যবসায়ী ভদ্রলোক মানসিক ভারসাম্য হারিয়ে আসাম ফেরার পথে ফরাক্কায় নেমে পড়েন ও ১৩ সেপ্টেঃ বেলা প্রায় দুটোর সময় স্থানীয় সিনেমা হলের ছাদে উঠে পড়েন। তাঁকে নামিয়ে আনার সমস্ত চেষ্টা ব্যর্থ হওয়ায় পুলিশকে খবর দেওয়া হয়। কিন্তু পুলিশ আসার আগেই উক্ত ব্যবসায়ী বিদ্যুৎ তার ধরে ঝুলে পড়ে আত্মহত্যা করেন।

## বিদ্যাসাগরের মৃত্যু শতবার্ষিকী

সাগরদীঘি ঃ গণনাট্য সংঘ সাগরদীঘি শাখা সম্প্রতি বিদ্যাসাগরের মৃত্যু শতবার্ষিকী উদযাপন উপলক্ষে মনিগ্রামে এক অনুষ্ঠানের আয়োজন করেন। সভায় নিরক্ষরতা ও কুসংস্কার দূরীকরণের উপর যুক্তিপূর্ণ ভাষণ দেন অনুষ্ঠানের সভাপতি সাগরদীঘি গ্রাম পঞ্চায়েত সহায়ক নারায়ণ দাস এবং প্রধান অতিথি কবি ও সাহিত্যিক হৃদয়রঞ্জন প্রামানিক (হরপ্পা)।

## বিজেপি থেকে পদত্যাগ

ধুলিয়ান ঃ স্থানীয় পৌরসভার বিজেপি কমিশনার প্রকাশচন্দ্র সিংহ বিজেপি দলের সদস্যপদ ত্যাগ করলেন জানিয়ে এক বিজ্ঞপ্তি দিয়েছেন। তিনি জানান বিজেপি নেতৃত্বের স্বেচ্ছাচারিতামূলক কাজকর্মের প্রতিবাদে তিনি পদত্যাগ করলেন।

## ত্রাণ তো দূরের কথা

( ১ম পৃষ্ঠার পর )

দূরের কথা এই অঞ্চলগুলিতে গত কয়েক সপ্তাহ থেকে রেশনে কেরোসিন না দেওয়ায় অন্ধকারে রাত কাটাতে হচ্ছে দুর্গতদের। শ্রীচক্রবর্তী মহকুমা শাসক, জেলা খাদ্য নিয়ামক ও মহকুমা খাদ্য নিয়ামকের অফিসে আবেদন জানিয়ে কিছু না হওয়ায়, খাদ্য মন্ত্রীকে আবেদনের কপি পাঠিয়েছেন। মহকুমা খাদ্য নিয়ামক পশুপতিবাবুকে জানান জঙ্গিপুর শহরের এম আর ডিলাররা (একমাত্র মহাবীর জৈন ছাড়া) কেউই কেরোসিন না তোলায় নাকি এই অসুবিধার সৃষ্টি হয়।

## ক্ষতি প্রায় ৬৬ লক্ষ টাকা

( ১ম পৃষ্ঠার পর )

মারা গেছে বা ভেসে গেছে ২০,৫০০টি। ব্লক অফিস থেকে ত্রাণ সাহায্যের জন্য ২৭টি রিলিফ ক্যাম্প খোলা হয়। ক্যাম্পগুলি থেকে ৭৫৩টি ত্রিপল, ৩৪০ কুঃ ৬৪ কেজি গম, ২০ কুঃ চিড়া, ৪ কুঃ গুড় এবং গবাদি পশুর জন্য খাদ্য দেওয়া হয় ৮০ কুঃ। এছাড়া এনটিপিসি ফরাক্কা ব্লক ও মালদার জন্য মোবাইল হেলথ ইউনিট খুলে চিকিৎসার ব্যবস্থা করেন। অন্যান্য সাংস্কৃতিক সংস্থা ৪.৫০ কুঃ চাল, ৬০০ পিস জামা-কাপড় ১ হাজার টাকার মত ওষুধপত্র দান করেন।

## ডে-তে দুটো সেকসন চালু করে ভর্তি সমস্যা মিটলো

জঙ্গিপুর ঃ জঙ্গিপুর কলেজে মর্নিং সেকসন চালু করা গেল না অধ্যাপকের অভাবে বলে কলেজ সূত্র জানা যায়। ভর্তি সমস্যা সমাধানে শেষ পর্যন্ত ডে-তেই দুটো সেকসন চালু করে আপাততঃ এই সমস্যা মেটানো হলো। এর ফলে ওয়ার্ক লোড বেড়ে যাওয়ায় যে সমস্ত অধ্যাপক বাইরে থেকে যাতায়াত করে কলেজ করছিলেন তাঁরা ক্ষুব্ধ বলে জানা যায়।

শারদীয় অভিনন্দন গ্রহণ করুন ঃ

VIMAL ® A RELIANCE PRODUCT

Siyaram's

বিমল ও সিয়ারামসের স্যুটিংস্‌-সার্টিংস্‌, শাড়ী ও ড্রেস মেটিরিয়ালসের অনুমোদিত ডিলার আপনাদের পরিচিত— মহাবীর বস্ত্রালয়, ফুলতলা, রঘুনাথগঞ্জ।

এছাড়া গোয়ালিয়র, ময়ূর ও অন্যান্য মিলের ধুতি, শাড়ী ও ছিটের বিক্রয় কেন্দ্র। আমাদের প্রতিষ্ঠানে আপনাদের জানাই সাদর আমন্ত্রণ।

বিনীত—
**মহাবীর বস্ত্রালয়**
ফুলতলা ★ রঘুনাথগঞ্জ
ফোন নং ঃ আর জি জি ১০৭

বিঃ দ্রঃ—গান্ধী জয়ন্তী উপলক্ষে ২ অক্টোবর থেকে ৭ অক্টোবর পর্যন্ত স্যুটিং-সার্টিং-এ ২% বিশেষ ছাড়।

**Centre for Career Development Courses**

এখানে সুযোগ রয়েছে ঃ—

১। কমপিউটার ট্রেনিং ২। স্পোকেন ইংলিশ
৩। ব্যাঙ্কিং ও রেল ইত্যাদি পরীক্ষার প্রস্তুতি এবং
৪। কমার্স শিক্ষার।

নতুন বছরের ভর্তি চলছে। যোগাযোগ করুন ঃ

এস. এন. চ্যাটার্জী বি. পি. চ্যাটার্জী

পাকুড়তলা
পোঃ রঘুনাথগঞ্জ জেলা মুর্শিদাবাদ

আনন্দ সংবাদ VIMAL ® A RELIANCE PRODUCT আনন্দ সংবাদ

বিমল এর স্যুটিং-সার্টিংস ও শাড়ীর অনুমোদিত শাখার শুভ উদ্বোধন হলো ১১ই সেপ্টেম্বর ১৯৯১ বুধবার আমার জঙ্গিপুর সাহেববাজারস্থিত কাপড়ের দোকান 'জৈন বস্ত্র ভাণ্ডার' এ। আমাদের প্রতিষ্ঠানে আপনাদের জানাই সাদর আমন্ত্রণ। ৩০০ টাকার বেশী কেনাকাটা করলে লটারীর বিশেষ সুযোগ দেওয়া হচ্ছে। অন্যান্য যে কোন মিলের কাপড়ের খুচরা ও পাইকারী বিক্রয় কেন্দ্র।

বিনীত—
জৈন বস্ত্র ভাণ্ডার
জঙ্গিপুর সাহেববাজার

ফোন ঃ জঙ্গিপুর ২৫

আর্থিক পুনর্বাসনে আপনাদের সেবায় ঃ

**শর্মিষ্ঠা ফাইনান্স লিঃ**

গভঃ রেজিঃ নং ২১-৪৯৭২৫

SARMISTHA FINANCE LIMITED

রেজিঃ এবং হেড অফিস
দরবেশপাড়া ঃ রঘুনাথগঞ্জ ঃ মুর্শিদাবাদ

আপনাদের সহযোগিতা প্রার্থী—
এ. মুখার্জী
ম্যানেজিং ডাইরেক্টর

রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।